

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪১৮৯
কুমারঘাট, ১৩ ডিসেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা
দেওভ্যালি ভিলেজে ভ্রাম্যমান প্রচার গাড়ি

বিকশিত ভারত সংকল্প যাত্রায় গতকাল কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পের তথ্য সম্বলিত ভ্রাম্যমান প্রচার গাড়ি কুমারঘাট ব্লকে দেওভ্যালি ও দারচৈ ভিলেজের বিভিন্ন এলাকা পরিক্রমা করে। এ উপলক্ষে ব্লকের দুটি ভিলেজেই শিবির অনুষ্ঠিত হয়। শিবিরগুলিতে জনসাধারণকে মহকুমা প্রশাসন, স্বাস্থ্য, শ্রম, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা, প্রাণীসম্পদ বিকাশ ও মৎস্যদপ্তর থেকে বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুবিধা দেওয়া হয়। তাছাড়াও জনগণকে ব্যাঙ্ক সংক্রান্ত বিভিন্ন পরিষেবা দেওয়া হয়েছে। বিকশিত ভারত সংকল্প যাত্রায় কেন্দ্রীয় প্রকল্পগুলি সম্পর্কে জনসচেতনতা বাড়াতে ভ্রাম্যমান প্রচার গাড়ি ভিলেজের বিভিন্ন এলাকা পরিক্রমা করে। ভ্রাম্যমান প্রচার গাড়ি পরিক্রমার সময় বিভিন্ন প্রকল্প থেকে যারা সহায়তা পেয়েছেন তারা ‘মেরি কাহানী, মেরি জুবানী’ কর্মসূচিতে তাদের অভিজ্ঞতার কথা তুলে দরেন।
